(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)

সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী,

ঢাকা-১২১২।

ওয়েব: www.brta.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৩.০০০০.০০৪.০৭.০০২.১৮.৩৬ তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭

৩০ মে ২০২০

বিষয়: **করোনা ভাইরাস সংক্রান্ত উদ্ভূত পরিস্থিতির কারণে সীমিত পরিসরে বিআরটিএর সেবা কার্যক্রম চালু প্রসংগে।**

সূত্র: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের স্মারক নম্বর-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৬১, তারিখঃ ২৮-০৫-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের সরকারি নির্দেশনা অনুযায়ী করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতির কারণে সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে স্বাস্থ্য বিধি মেনে আগামী ৩১ মে ২০২০ থেকে বিআরটিএ'র বিভিন্ন মেট্রো/জেলা সার্কেলের সকল পেন্ডিং কাজ অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি এবং বিভিন্ন অ্যাকনলেজমেন্ট স্লিপ যেমনঃ রুট পারমিট সনদ নবায়ন, অস্থায়ী মোটরযান চালনার অনুমতিপত্রের মেয়াদ, মালিকানা বদলির আবেদন, মোটরযান রেজিস্ট্রেশন সনদ প্রাপ্তি ইত্যাদি কার্যক্রমের মেয়াদ বর্ধিতকরণ, মোটরযানের ফিটনেস নবায়ন, ড্রাইভিং লাইসেন্স নবায়নের ক্ষেত্রে বৈধ আবেদনপত্র গ্রহণ এবং রুট পারমিটের নবায়নের বৈধ আবেদনপত্র গ্রহণ কার্যক্রম চালু থাকবে।

০২। তবে, বিআরটিএ'র অন্যান্য সেবা কার্যক্রম যেমন লার্নার ড্রাইভিং লাইসেন্স ইস্যু, ড্রাইভিং কম্পিটেন্সি টেস্ট বোর্ড-এর পরীক্ষা গ্রহণ, ড্রাইভিং লাইসেন্সের আবেদনকারীদের বায়োমেট্রিক গ্রহণ, মোটরযান মালিকের বায়োমেট্রিক গ্রহণ, মোটরযান রেজিস্ট্রেশন ইত্যাদি কার্যক্রম পর্যায়ক্রমে চালু করা হবে।

৩০-৫-২০২০

মো: ইউছুব আলী মোল্লা

চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০৪০৭১১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) উপপরিচালক(ইঞ্জি:), বিআরটিএ, বিভাগীয় অফিসের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম।/রাজশাহী।/খুলনা।/সিলেট।/বরিশাল।/রংপুর।

২) সহকারী পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ............................... সার্কেল, .............................................(সকল)।

স্মারক নম্বর: ৩৫.০৩.০০০০.০০৪.০৭.০০২.১৮.৩৬/১(১৪) | তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৭ / ৩০ মে ২০২০

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরী লিঃ, বাড়ি #৪১ রোড#৭, ঢাকা ক্যান্টনমেন্ট , ঢাকা

২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)

৩) জেলা প্রশাসক ........................................................................................, (সকল জেলা)।

৪) পুলিশ সুপার ..........................................................................................., (সকল জেলা)।

৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬) জনাব মোঃ আবু নাছের, উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)

৭) ব্যবস্থাপনা পরিচালক, কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেম লিঃ(সিএনএস), হাউজ-১০৯৮, রোড-৬/ডি, মিরপুর ডিওএইচএস, ঢাকা।

৮) চেয়ারম্যান ও সিইও, টাইগার আইটি বাংলাদেশ লিঃ, বাড়ি # ২১, রোড # ২৮, ব্লক # কে, বনানী, ঢাকা-১২১৩।

৯) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ১১৭, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা।

১০) চেয়ারম্যান/জেনারেল সেক্রেটারি, বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন, হাজী আহসান উল্লাহ কমপ্লেক্স, ২৫৭/ক, বাগবাড়ি, দারুসসালাম,মিরপুর রোড , ঢাকা-১২১৬।

১১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক-কাভার্ড ভ্যান মালিক সমিতি, তেজগাঁও, ঢাকা।

১২) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ , ঢাকা।

১৩) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার এর শাখা, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৪) চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩০-৫-২০২০
মোঃ লোকমান হোসেন মোল্লা
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)

**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৬১ তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২৮ মে ২০২০

বিষয় : করোনা ভাইরাসজনিত রোগ কেভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞার মেয়াদ বর্ধিতকরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০-১০৯, তারিখঃ ২৮-০৫-২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত করোনা ভাইরাসজনিত রোগ কেভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞার মেয়াদ বর্ধিতকরণ সংক্রান্ত পত্রের ছায়ালিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৮.০৫.২০২০
(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৮৪১২৮, ফ্যাক্সঃ ৯৫৮৫১৩৮
ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিঃ (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
০৭। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৯। উপসচিব (সকল)/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১। উপপ্রধান তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সিনিয়র সহঃ সচিব/সিনিয়র সহঃ প্রধান/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৪। মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৫। সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৬। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৭। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৮। প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৯। ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।

অনুলিপিঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন সমন্বয় শাখা)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪২৭ / ২৮ মে ২০২০

**বিষয়: করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞার মেয়াদ বর্ধিতকরণ**

করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার আগামী ৩০ মে ২০২০ তারিখের পর নিম্নলিখিত শর্তসাপেক্ষে দেশের সার্বিক কার্যাবলি এবং জনসাধারণের চলাচলে নিষেধাজ্ঞা আরোপ/সীমিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে:

১. আগামী ৩১ মে ২০২০ থেকে ১৫ জুন ২০২০ পর্যন্ত এ নিষেধাজ্ঞা কার্যকর থাকবে। ৫, ৬, ১২ ও ১৩ জুন ২০২০ সাপ্তাহিক ছুটি এ নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত থাকবে;

২. নিষেধাজ্ঞাকালে এক জেলা হতে অন্য জেলায় জনসাধারণের চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রিত থাকবে। প্রতিটি জেলার প্রবেশ ও বহির্গমন পথে চেকপোস্টের ব্যবস্থা থাকবে। জেলাপ্রশাসন আইন-শৃঙ্খলা বাহিনীর সহায়তায় এ নিয়ন্ত্রণ সতর্কভাবে বাস্তবায়ন করবে। করোনা ভাইরাসের সংক্রমণ রোধকল্পে চলাচলে নিষেধাজ্ঞাকালে জনগণকে অবশ্যই ঘরে অবস্থান করতে হবে। রাত ৮:০০ টা হতে সকাল ৬:০০ টা পর্যন্ত অতীব জরুরি প্রয়োজন ব্যতীত (প্রয়োজনীয় ক্রয়-বিক্রয়, কর্মস্থলে যাতায়াত, ঔষধ ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে আসা যাবে না। তবে সর্বাবস্থায়ই বাইরে চলাচলের সময় মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। অন্যথায় নির্দেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩. নিষেধাজ্ঞাকালীন জনসাধারণ ও সব কর্তৃপক্ষকে অবশ্যই স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলতে হবে;

৪. হাটবাজার, দোকান-পাটে ক্রয় বিক্রয়কালে পারস্পরিক দূরত্ব বজায় রাখাসহ অন্যান্য স্বাস্থ্য বিধি কঠোরভাবে প্রতিপালন করতে হবে। শপিংমলের প্রবেশমুখে হাত ধোয়ার ব্যবস্থাসহ স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে। শপিংমলে আগত যানবাহনসমূহকে অবশ্যই জীবাণুমুক্ত করার ব্যবস্থা রাখতে হবে। হাটবাজার, দোকানপাট এবং শপিংমলসমূহ আবশ্যিকভাবে বিকাল ৪:০০ টার মধ্যে বন্ধ করতে হবে;

৫. আইন-শৃঙ্খলা, রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা এবং জরুরি পরিসেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থল বন্দর, নদীবন্দর এবং সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা-বহির্ভূত থাকবে;

৬. সড়ক ও নৌপথে সকল প্রকার পণ্য পরিবহনের কাজে নিয়োজিত যানবাহন (ট্রাক, লরি, কার্গো ভেসেল প্রভৃতি) চলাচল অব্যাহত থাকবে;

৭. কৃষি পণ্য, সার, বীজ, কীটনাশক, খাদ্য, শিল্প পণ্য, রাষ্ট্রীয় প্রকল্পের মালামাল, কাঁচাবাজার, খাবার, ঔষধের দোকান, হাসপাতাল ও জরুরি সেবা এবং এসবের সাথে সংশ্লিষ্ট কর্মীদের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না;

৮. চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স ও কর্মী এবং ঔষধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মী, গণমাধ্যম (ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া) এবং ক্যাবল টিভি নেটওয়ার্কে নিয়োজিত কর্মীগণ এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবেন;

৯. ঔষধশিল্প, কৃষি এবং উৎপাদন ও সরবরাহ ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট ক্ষেত্রগুলো, উৎপাদন ও রপ্তানিমুখী শিল্পসহ সকল কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য সেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে। স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রণীত 'বিভিন্ন শিল্প কারখানায় স্বাস্থ্যবিধি নিশ্চিতকরণে নির্দেশনা' প্রতিপালন নিশ্চিত করতে হবে;

১০. নিষেধাজ্ঞাকালীন কোনো শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখা যাবে না। তবে, অনলাইন কোর্স/ডিস্টেন্স লার্নিং অব্যাহত থাকবে;

১১. ব্যাংকিং ব্যবস্থা পূর্ণভাবে চালু করার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

১২. সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিসসমূহ নিজ ব্যবস্থাপনায় সীমিত পরিসরে খোলা থাকবে। ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী এবং সন্তান সম্ভবা নারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত থাকবেন। এক্ষেত্রে কর্মকর্তা-কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে। জরুরি ও অত্যাবশ্যকীয় ক্ষেত্র ব্যতীত সকল সভা ভার্চুয়াল উপস্থিতিতে আয়োজন করতে হবে;

১৩. উক্ত নিষেধাজ্ঞাকালে কেউ কর্মস্থল ত্যাগ করতে পারবে না। উক্ত সময়ে শর্তসাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য সম্মত বিধি নিশ্চিত করে গণপরিবহণ, যাত্রীবাহী নৌযান ও রেল চলাচল করতে পারবে। **তবে সর্বাবস্থায় মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা কঠোরভাবে মেনেচলা নিশ্চিত করতে হবে**। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে;

১৪. বিমান কর্তৃপক্ষ নিজ ব্যবস্থাপনায় বিমান চলাচলের বিষয় বিবেচনা করবে; এবং

১৫. উক্ত নিষেধাজ্ঞাকালে সকল প্রকার সভা-সমাবেশ, গণ জমায়েত ও অনুষ্ঠান আয়োজন বন্ধ থাকবে। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক মসজিদসমূহে সর্বসাধারণের জামায়াতে নামায আদায় এবং অন্যান্য ধর্মীয় উপাসনালয়সমূহে প্রার্থনা অনুষ্ঠান অব্যাহত থাকবে।

০২। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/৫/২০২০

(তৌহিদ ইলাহী)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)
৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ